দৈনিক জনকণ্ঠ

তারিখ 2 3 JUL 2015
পৃষ্ঠা ১৬ কলাম ১

মোতাহার হোসেন কলেজ

# প্রতিষ্ঠাতার নামফলক অপসারণ করায় ৪ জনের বিরুদ্ধে মামলা

নিজস্ব সংবাদদাতা, রাজবাড়ী, ২২ জুলাই ॥ আদালত অবমাননার অভিযোগে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সাবেক মহাপরিচালক ড. এম এ মাজেদসহ ৪ জনের বিরুদ্ধে রাজবাড়ীতে মামলা দায়ের করা হয়েছে। মামলায় পাংশার হাবাসপুরের ড. কাজী মোতাহার হোসেন কলেজের অধ্যক্ষ আব্দুল আজিজ, কলেজ গভর্নিং বডির সদস্য ও সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল লতিফ খান এবং কলেজের ক্রীড়া শিক্ষক মোকছেদ আলীকে বিবাদী করা হয়েছে। কলেজের প্রতিষ্ঠাতা আলহাজ শাহাবুদ্দিন আহমেদ বুধবার এ মামলা দায়ের করেন।